

.... ৬ ....



স্বাক্ষরিত  
১৬/০৮/১৯৮৭

(সতের) বর্গফুট জমি মায় তদুপরিস্থিত নীচতলে ৫১৩ (পাঁচশত তের) বর্গফুট পাকা ছাদযুক্ত বসবাসের গৃহাদী এবং দ্বীতলে ৩৫৮ (তিনশত আটান্ন) বর্গফুট পাকা ছাদ যুক্ত বসবাসের গৃহাদী ও ১২৩ (একশত তেইশ) বর্গফুট টিনের ছাউনি যুক্ত গৃহাদী প্রাপ্ত হইয়া এযাবৎকাল অন্যের নিরাংশে, নির্বিবাদে, নিজ খাসে ভোগদখলে বিদ্যমান আছি। যাহাতে আমার দান, বিক্রয়, বন্ধক তথা সর্ব প্রকার হস্তান্তরের উত্তম ক্ষমতা বিদ্যমান আছে।

বর্তমানে আমি বৃদ্ধ হইয়াছি, বার্ধক্যজনিত কারনে আমার শরীর দিন দিন ক্ষীণ হইয়া আসিতেছে। মানুষ মাত্রই মরনশীল, কখন পরপারের ডাক আসিবে কেহ বলিতে পারে না, অবশিষ্ট জীবনের পরমায়ু সম্পর্কে সন্দিহান হওয়ায় অত্র দানপত্র দলিলের অবতারণা করিতেছি। তুমি অত্র দানপত্র দলিলের গ্রহীতা আমার একমাত্র পুত্র সন্তান হইতেছ। তুমি আমাকে পিতা হিসাবে যথেষ্ট ভালোবাসো ও দেখাশুনা করিয়া আসিতেছ এবং ভবিষ্যতেও করিবে এই বিশ্বাস আমার আছে। আমিও তোমাকে খুবই স্নেহ করি ও ভালোবাসি। তাই ভালোবাসার নিদর্শন স্বরূপ তোমাকে আমার কিছু দেওয়া একান্তই আবশ্যিক বিবেচনা করিয়া, আমার উক্ত আপোষ বন্টন নামা দলিলের ইংরাজী 'সি' তপশীল বর্ণিত ও ইংরাজী প্লট -বি নং ভুক্ত তৎকালীন নক্সায় প্রদর্শিত সবুজ রঙের বর্ডার দ্বারা বেষ্টিত আর.এস. ২৩৮ নং দাগ তথা হাল এল.আর. ১৬৪৭ (এক হাজার ছয়শত সাতচল্লিশ) নং